

## শিক্ষাব্যবস্থায় সংস্কার চায় জাতিসংঘের ৩ প্রতিষ্ঠান



ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০৮ সেপ্টেম্বর ২০২৪ | ২২:০৪



বাংলাদেশে শিক্ষাব্যবস্থায় ব্যাপক সংস্কারের পরামর্শ দিয়েছেন ঢাকায় জাতিসংঘের তিন প্রতিষ্ঠান ইউনিসেফ, ইউনেস্কো ও ইউএনএফপিএর কর্মকর্তারা। শিক্ষানীতি হালনাগাদ করার প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেছেন তারা। প্রয়োজনে এ ব্যাপারে তারা বাংলাদেশকে যে কোনো সহযোগিতা দিতে রাজি।

সোমবার রাজধানীর শেরেবাংলা নগরে শিক্ষা উপদেষ্টা ড. ওয়াহিদউদ্দিন মাহমুদের সঙ্গে বৈঠকে কর্মকর্তারা এই অভিমত ব্যক্ত করেন। বৈঠকে উপস্থিত ছিলেন- বাংলাদেশে জাতিসংঘের অন্তর্ভুক্তিকালীন আবাসিক সমন্বয়ক এবং বাংলাদেশে ইউএনএফপিএর এজেন্সি প্রধান ক্রিস্টিন ব্লুথুস, ইউনেস্কোর প্রতিনিধি সুসান ভাইজ ও ইউনিসেফের ডেপুটি প্রতিনিধি এমা ব্রিগহামসহ অন্যান্যরা।

শিক্ষা উপদেষ্টা প্রতিনিধি দলকে বলেন, বর্তমান সরকার মানসম্মত শিক্ষার ওপর জোর দিচ্ছে। এ ব্যাপারে জাতিসংঘ ও সংস্থাটির বিশেষায়িত সংস্থাগুলোর সহযোগিতাকে স্বাগত জানাবেন তারা।